



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)  
জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিমিটেড  
(পেট্রোবাংলার একটি কোম্পানী)  
গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০



....  
....

২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ৩ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৮.১৬.৯১০০.০৯৬.০৬.০০১.২২.২২

বিষয়: বিজ্ঞপ্তি

সূত্র: ...

আগামী ২০২৪-২০২৫ অর্থবছরে বাস্তবায়নের নিমিত্ত কোম্পানি প্রদত্ত নাগরিক সেবা প্রদান, দাপ্তরিক কার্যক্রম এবং কোম্পানির অভ্যন্তরীণ সেবাসমূহ দ্রুত ও সহজীকরণের লক্ষ্যে জেজিটিডিএসএল-এর সকলস্তরের কর্মকর্তা/কর্মচারীগণের নিকট হতে “ইনোভেটিভ আইডিয়া” আহবান করা যাচ্ছে। প্রাপ্তব্য ইনোভেটিভ আইডিয়া প্রাথমিকভাবে গৃহীত হওয়ার পর মূল্যায়নের ভিত্তিতে চূড়ান্তভাবে বিবেচিত হলে উদ্ভাবক-কে স্বীকৃতি বা প্রণোদনা স্বরূপ বিশেষ সম্মাননা/পুরস্কার প্রদান এর লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

ইনোভেটিভ আইডিয়া প্রণয়নে নিম্নবর্ণিত “ইনোভেটিভ আইডিয়া ফরম” পূরণপূর্বক প্রস্তাবনা দাখিল করতে হবেঃ

০১।	ইনোভেটিভ আইডিয়া প্রদানকারীর ব্যক্তিগত তথ্য :	
	ক)	অফিস আইডি নম্বর :
	খ)	নাম :
	গ)	পদবি :
	ঘ)	বর্তমান কর্মস্থল :
	ঙ)	মোবাইল নং :
	চ)	ই-মেইল ঠিকানা :
০২।	ইনোভেটিভ আইডিয়ার বিবরণ :	
	ক)	চিহ্নিত সেবার নাম (যে সেবার উদ্ভাবন বা সহজীকরণ করতে চান, সেই সেবা/সেবা পদ্ধতির নাম) :
	খ)	সেবা গ্রহণকারী কারা?
	গ)	সেবাটি বর্তমানে কিভাবে দেয়া হয়?
	ঘ)	বিদ্যমান সেবা/পদ্ধতিতে সমস্যার বিবরণ :

বিদ্যমান সমস্যা	সমস্যার মূল কারণ	সমস্যার কারণে সেবা গ্রহিতাদের ভোগান্তি

	ঙ)	সমস্যা সমাধানে প্রদত্ত আইডিয়াটির শিরোনাম :
	চ)	সমস্যাটি কিভাবে সমাধান করতে চান, তার বিস্তারিত বিবরণ :
	ছ)	আইডিয়া বাস্তবায়নে সম্ভাব্য ব্যয়:
	জ)	আইডিয়া বাস্তবায়নের সময়কাল :
	ঝ)	মন্তব্য :

একজন কর্মকর্তা/কর্মচারী একাধিক উদ্ভাবনী ধারণা দাখিল করতে পারবেন।

### ইনোভেটিভ আইডিয়া জমাদানঃ

উপর্যুক্ত “ইনোভেটিভ আইডিয়া ফরম” এর মাধ্যমে ইনোভেটিভ আইডিয়া/আইডিয়াসমূহ জেজিটিডিএসএল-এর প্রধান কার্যালয় গ্যাস ভবনের নিচতলায় রক্ষিত “ইনোভেশন আইডিয়া বক্স”-এ মুখবন্ধ খামে ড্রপ করা যাবে। এছাড়া, ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও আইসিটি) বরাবর ইনোভেশন আইডিয়া/আইডিয়াসমূহ দাখিল করা যাবে।

প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহ (প্রাথমিকভাবে গৃহীত) গঠিতব্য কমিটি কর্তৃক মূল্যায়ন করা হবে।

এমতাবস্থায়, কোম্পানির ডিভিশন, ডিপার্টমেন্ট, প্রকল্প, শাখা, আবিষ্কার ও লিয়াজোঁ অফিস-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে উপর্যুক্ত নির্দেশনা মোতাবেক আগামি ১৫-০৬-২০২৪ তারিখের মধ্যে ইনোভেটিভ আইডিয়া/আইডিয়াসমূহ কোম্পানির প্রধান কার্যালয় গ্যাস ভবনের নিচতলায় রক্ষিত “ইনোভেশন আইডিয়া বক্স”-এ অথবা ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও আইসিটি) বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

সংযুক্তি: ইনোভেটিভ আইডিয়া ফরম।



০৩-০৪-২০২৪

মোঃ শহিদুল ইসলাম

মহাব্যবস্থাপক (প্রশাসন), অতিরিক্ত দায়িত্ব

সকল কর্মকর্তা, জেজিটিডিএসএল।।

স্মারক নম্বর: ২৮.১৬.৯১০০.০৯৬.০৬.০০১.২২.২২/১ (৪)

তারিখ: ২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
৩ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড;
- ২। উপ-ব্যবস্থাপক, আইটি শাখা, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ];
- ৩। নোটিশ বোর্ড এবং
- ৪। দপ্তর নথি।



০৩-০৪-২০২৪

কৃষ্ণা রানী পাল

উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)

সকল সংযুক্তিসমূহ:

- (১) ইনোভেটিভ আইডিয়া ফরম